



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bteb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭- ৬৫২২

তারিখ: ০৪ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ  
১৭ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ এবং ৮ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে ০৮/০২/২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে। ০৮/০২/২০১৮ তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

নির্ধারিত ছক:

ক্রম নং	শিক্ষা প্রতিষ্ঠানের কোড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	পর্ব	সিফট	রেজিস্ট্রেশন নং	সেশন	যে প্রবিধানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০১০/২০১ ৬)

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলী:

- ১। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। পুনঃভর্তিকৃতদের প্রবিধান ২০১০/২০১৬ অনুসরণ করতে হবে।
- ৩। প্রবিধান ২০১০-এর আওতায় ৬ষ্ঠ এবং ৮ম পর্বে পুনঃভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধানের সংশোধিত ধারা ৪.১৪.৫ মোতাবেক সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
- ৪। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ মোতাবেক ৫ম ও ৭ম পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে (৫ম ও ৭ম) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৫ম ও ৭ম পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে ও পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধানের ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে বোর্ড নির্ধারিত ব্যাংকে প্রতি শিক্ষার্থীদের জন্য ২০০/- টাকা হারে জমা প্রদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মো: আজহারউজ্জামান)  
পরিচালক (কারিকুলাম)  
ফোন: ০২-৯১৪০৬৪৬

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭- ৬৫২২ (৫০৮)

তারিখ: ১৭/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪-৫০৫। অধ্যক্ষ.....।
- ৫০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৫০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৮। নথি।

(মো: আজহারউজ্জামান)  
পরিচালক (কারিকুলাম)  
ফোন: ০২-৯১৪০৬৪৬

ইমেইল: bteb.dip@gmail.com